দৈনিক খবর

তারিখ ... 20 OCT 1981
পৃষ্ঠা ... ২ ... কলাম ৫

1.5

# গ্রাম বিশ্ববিদ্যালয় খুলেছেঃ প্রথম দিনেই শিবিরের ভাঙচুর

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৯শে অক্টোবর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার আজ প্রথম দিনে ইসলামী ছাত্র শিবির কর্মীরা একটি গাড়ী ভাঙচুর করেছে এবং তাদের সমাবেশ থেকে আপত্তিকর শ্লোগান দেয়া হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

দুর্গাপূজা ও শরৎকালীন অবকাশ উপলক্ষে গত ১লা অক্টোবর থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল। আজ বেলা ১১টার দিকে ছাত্র শিবির কর্মীরা প্রশাসনিক ভবনের সামনে সমবেত হয় এবং বিভিন্ন শ্লোগান দেয়। তারা

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

উপাচার্য এবং কতিপয় শিক্ষকের বিরুদ্ধে আপত্তিজনক শ্লোগান দিয়েছে বলে অভিযোগ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় পরিবহন পুলের চট্ট-মেট্রো গ-১৯৫৮ নম্বর গাড়ীখানা বিনা কারণে শিবির কর্মীরা ভাঙচুর করে। বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ঘটনার সত্যতা স্বীকার করেছেন।